



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

জরুরী

Ref:

বিজ্ঞপ্তি নং: বিজিএ/কাস/২০২২/১০৯

৫ জুন, ২০২২

সম্মানিত সকল সদস্যের জন্য

সম্মানিত সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গতকাল ০৪/০৬/২০২২ইং তারিখ রাত আনুমানিক ৯:২৫ ঘটিকায় বি.এম.কন্টেইনার ডিপো, শীতলপুর, শীতাকুন্ড, চট্টগ্রামে এক ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। উক্ত ডিপোর মাধ্যমে আমাদের অনেক সম্মানিত সদস্যদের রপ্তানীতব্য পণ্য রপ্তানী প্রক্রিয়া করার জন্য ক্রেতার নির্দেশনা অনুযায়ী পাঠানো হয়। অগ্নিকাণ্ডের ফলে এখানে অনেক প্রতিষ্ঠানেরই রপ্তানীতব্য পণ্য ক্ষতিগ্রস্ত হতে পারে। বিজিএমইএ হতে ক্ষতিগ্রস্ত সদস্য প্রতিষ্ঠানসমূহের রপ্তানী পণ্যের বিশদ বিবরণ সরকারের বিভিন্ন কর্তৃপক্ষের নিকট তুলে ধরার জন্য তথ্যের প্রয়োজন। আপনাদের ক্ষতিগ্রস্ত রপ্তানী পণ্যের বিবরণ জরুরীভিত্তিতে বিজিএমইএ, ঢাকা / চট্টগ্রাম অফিসে অতিসত্বর জমা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ক্ষতিগ্রস্ত বন্ডেড প্রতিষ্ঠানসমূহের ধ্বংস প্রাপ্ত পণ্যের সকল ধরনের শুল্ক কর মওকুফ পাওয়ার নিমিত্তে নির্ধারিত ফরম 'ক' (কপি সংযুক্ত) এ একটি ঘোষণা পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পত্র মারফত সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটের নিকট ঘটনা ঘটনার দিন থেকে তিন কর্মদিবসের মধ্যে তথ্য দাখিল করার বিধান আছে। অন্যথায়, এ সংক্রান্ত আবেদন আইনের ভিত্তিতে গ্রহণযোগ্য হবে না। ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানসমূহকে তাদের ক্ষতির পরিমাণ উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব বন্ড কমিশনারেটে জানানো এবং বন্ডে উক্ত পত্র জমা দেয়ার সময় রিসিভিংয়ের তারিখ ও সময় সম্বলিত সীল ও স্বাক্ষর নেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানদেরকে উপরোক্ত বর্ণনা অনুযায়ী অতিসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বন্ড কমিশনারেটে জমাকৃত পত্রের একটি কপি বিজিএমইএ, ঢাকা/চট্টগ্রাম অফিসে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান

মহাসচিব

ফরম 'ক'

দুর্ঘটনা, অগ্নিকাণ্ড, প্রাকৃতিক দুর্ঘটনা বা যুক্তিসংগত কারণবশতঃ ক্ষতিগ্রস্ত অথবা ধবংসপ্রাপ্ত পণ্য/কাঁচামালের গুদক-করাদি মওকুফের লক্ষ্যে ঘোষণাপত্র।

(Section 115)

বরাবর

কমিশনার

-----কমিশনারেট

জনাব

নিবেদন এই যে, আমি/আমরা এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, গত -----তারিখঃ-----ঘটিকায় -
----- কারণে নিম্নে বর্ণিত পণ্য/কাঁচামাল, যাহা The Customs Act, 1969 এর Section 86 এর
অধীনে বন্ড গুদামে গুদামজাত ছিল তাহা সম্পূর্ণ/আংশিক ক্ষতিগ্রস্ত/ধবংসপ্রাপ্ত হওয়ায় Customs Act, 1969 এর
Section 115 অনুযায়ী ধবংসপ্রাপ্ত /ক্ষতিগ্রস্ত পণ্য/কাঁচামালের গুদক-করাদি মওকুফের জন্য ঘোষণা প্রদান করিতেছি।

০১। আবেদনকারী

- ঃ (ক) নামঃ
- (খ) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ
- (গ) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখঃ
- (ঘ) মুসক নিবন্ধন নম্বরঃ
- (ঙ) টিআইএন নম্বরঃ
- (চ) বীমার রশিদ নং ও তারিখঃ

০২। রপ্তানী এলসি (ব্যাংক কর্তৃক সত্যায়িত) (যদি সম্ভব হয়) : নম্বর ও তারিখঃ

০৩। আমদানি এলসি সহ অন্যান্য দলিলাদি কাস্টমস কর্তৃক
সীল ও স্বাক্ষরিত এবং লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত
(যদি সম্ভব হয়)

- ঃ (ক) নম্বর ও তারিখঃ
- (খ) ইনভয়েস নং ও তারিখঃ
- (গ) বিএল, এয়ারওয়ে বিল, ডেলিভারী চালান নম্বর ও
তারিখঃ
- (ঘ) বি/ই নম্বর ও তারিখঃ
- (ঙ) প্যাকিং লিষ্ট নম্বর ও তারিখঃ
- (চ) ইউডি নম্বর ও তারিখঃ

০৪। দুর্ঘটনার কারণ

০৫। দুর্ঘটনার বিষয়টি নিকটস্থ থানাকে অবহিত করিলে তাহার
জিডি নং ও তারিখ

০৬। ক্ষতিগ্রস্ত পণ্য/কাঁচামাল এর (যদি সম্ভব হয়)

- ঃ (ক) বিবরণ : (১)
- (২)
- ঃ (খ) পরিমাণ : (১)
- (২)
- ঃ (গ) আনুমানিক মূল্যঃ

আমি আরও ঘোষণা করিতেছি যে, আবেদনে বর্ণিত তথ্যাদি ও দলিলাদি যদি পরবর্তীকালে ভুল/মিথ্যা প্রমাণিত হয়, তাহা হইলে
গুদক কর্তৃপক্ষের আইনসম্মত যে কোন শাস্তিমূলক সিদ্ধান্ত মানিয়ে নিতে বাধ্য থাকিব।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

স্বাঃ

(ম. সফিউজ্জামান)

দ্বিতীয় সচিব (গুদকঃরপ্তানী ও বন্ড)